গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(রাজস্ব শাখা)
www.bogra.gov.bd

নং- ০৫.৫০.১০০০.০০৮.৬৭.০০৩.২৩.৬৭

তারিখ : ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**সাধারণ আবেদনে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি:**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার ২০ একরের উর্ধ্বে (বদ্ধ) নিম্নবর্ণিত জলমহালসমূহ বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে সাধারণ আবেদনে ইজারা গ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ২৩/১১/২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী আগামী (১৫ জানুয়ারি, ২০২৬) ০১ মাঘ থেকে (২৯ জানুয়ারি, ২০২৬) ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্য দিয়ে এ কার্যালয়ের রাজস্ব শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে আবেদন/সিডিউল ফরম সংগ্রহ করে ভূমি মন্ত্রণালয়ের www.lams.gov.bd অথবা www.jm.lams.gov.bd ওয়েবসাইট হতে অনলাইনে আবেদন করা যাবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে ১৮ মাঘ (০১ ফেব্রুয়ারি, ২০২৬) থেকে ২০ মাঘ (০৩ ফেব্রুয়ারি, ২০২৬) ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখিত থাকতে হবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য হবে না। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিতে প্রকাশিত ইজারাযোগ্য জলমহালের তফসিল, আয়তন, জলমহালের বাস্তব অবস্থান সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ইজারা প্রাপ্তির পর জলমহালের নিকটবর্তী/পার্শ্ববর্তী দাগের জলাভূমি সংযুক্তি ও খাস প্রাপ্তি, তফসিল হ্রাস বৃদ্ধি, ভরাট হওয়ার কারণে ইজারামূল্য কমানো অথবা মেয়াদ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কোন ধরনের দাবী/আপত্তি গ্রহণযোগ্য হবে না। ইজারা কার্যক্রম সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে পরিচালিত হবে। ইজারা সংক্রান্ত অন্যান্য নিয়ম ও তথ্যাদি জেলা প্রশাসকের, কার্যালয় (রাজস্ব শাখা) বগুড়া হতে জানা যাবে। উক্ত বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, বগুড়া এর ওয়েবসাইটেও (www.bogra.gov.bd) পাওয়া যাবে।

**ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) | বার্ষিক ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | বগুড়া সদর | শাখারিয়াডাঙ্গা | বনমালিপাড়া | ০১ | এসএ ১৫২৮, ২৫৫৫ | ৩৮.৯৪ | ৪,৫৯,৩৭৫/- |
| ০২ | সোনাতলা | কামারজানি-মাধবডাঙ্গা | পশ্চিম তেকানি | ০১ | এসএ ১২৩০, ১২৪৫ | ২০.০৯ | ৪৩,৪১২/- |
| ০৩ | সোনাতলা | লৌহজং | মহিষাবাড়ি, নগরপাড়া ও রশিদপুর | ০১ | আরএস ৯৯৯, ১০০০, ১০০২, ১০০৩, ১০০৪, ১০০৫, ১০০৬, ১০০৭, ১০০৮, ১০০৯, ১০১০, ১০১১, ১০১২, ১০১৩, ৯৭৯, ৮৫১/১৮৪০ | ৩১.৭৬ | ১,০০,২৮১/- |
| ০৪ | সোনাতলা | গোবরচাপা | রশিদপুর | ০১ | এসএ ৭৭১, ১৩৭১ | ৪০.৮৮ | ১,২৫,৫৮৮/- |
| ০৫ | গাবতলী | নিজ কাঁকড়া | নিজ কাঁকড়া | ০১ | আরএস ০১ | ৪১.৪৩ | ৩,৮৯,২৬৮/- |
| ০৬ | বগুড়া সদর | বিল নুরুইল | বিল নুরুইল | ০১ | এসএ ৪৩২, ৮৭১, ৪৩২/৪৯৯ | ১৫২.৫৮ | ১১,১৩,৫২৫/- |
| ০৭ | গাবতলী | ডঙর বিল | আকন্দপাড়া, রহিমারপাড়া, বাহাদুরপুর | ০১ | আরএস ২৮৫, ৫২২, ১৪৩৬ | ৬০.২৪ | ১,৬০,৪০০/- |

প্রকাশ থাকে যে, বর্ণিত তালিকায় ইজারাযোগ্য জলমহালের সংযোজন বা বিয়োজন হতে পারে।

০৫/০১/২৬

মোঃ তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০০০২০ (অঃ)
ই-মেইল : dcbogura@mopa.gov.bd

E:\SAIRAT MAHAL\jalmahal\Jalmahal Tender Notice.doc

নং- ০৫.৫০.১০০০.০০৮.৬৭.০০৩.২৩. ৩৭ (৪০)

তারিখ : ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পুলিশ সুপার, বগুড়া।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
০৫। জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া।
০৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া।
০৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বগুড়া।
১১। উপজেলা নির্বাহী অফিসার,....................(সকল), বগুড়া।
১২। সহকারী কমিশনার (ভূমি),....................(সকল), বগুড়া।
০৮। উপ পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, বগুড়া।
০৯। বিভাগীয় বন কর্মকর্তা, বগুড়া।
১০। জেলা সমবায় অফিসার, বগুড়া।
১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বগুড়া।
১৪। জেলা তথ্য অফিসার, বগুড়া।

তাঁকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৫/০১/২৬

মোঃ তৌফিকুর রহমান
জেলা প্রশাসক
বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০০০২০ (অঃ)
ই-মেইল : dcbogura@mopa.gov.bd